অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/21/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ব্রঙ্কস ইউথের ক্যাম্প জুনিয়রের জন্য হ্যারিম্যান স্টেট পার্কে (HARRIMAN STATE PARK) নির্মাণের কাজ শুরু হবার ঘোষণা করেছেন

ফ্রেশ এয়ার ফান্ড (The Fresh Air Fund) এবং ব্রঙ্কস লিডার্সের সাথে অংশিদারিত্ব দলবদ্ধ হিংসার শিকার লেসান্ড্রো "জুনিয়র" গুজম্যান-ফেলিজকে সম্মান দেখাবে

নিউ ইয়র্ক স্টেট পার্কস (New York State Parks) 2 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে ক্যাম্প জুনিয়রে

ঐতিহাসিক পার্ক ইউথ ক্যাম্প পুনরুদ্ধার করা হবে 1,000 তরুণদের পরিষেবা প্রদান করতে প্রতি গ্রীষ্মে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেন যে ক্যাম্প জুনিয়রের নির্মাণ কার্য শুরু হয়েছে, যা ব্রন্ক্সের তরুণদের জন্য হ্যারিম্যান স্টেট পার্কের একটি গ্রীষ্মের ক্যাম্প। নিউ ইয়র্ক স্টেট পার্কস ক্যাম্পটি প্রতিষ্ঠা করছে ফ্রেশ এয়ার ফান্ড এবং ব্রঙ্কস লিডার্সের সাথে অংশিদারিত্বে, জুন 2018 তে দলবদ্ধ হিংসার শিকার, 15 বছর বয়সী লেসান্ড্রো "জুনিয়র" গুজম্যান-ফেলিজকে সম্মান দেখাতে। স্টেট পার্কস 2 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে দুই বছর ধরে, ব্রঙ্কস থেকে মাত্র 30 মিনিট দুরে অবস্থিত একটি 47,500-একরের বন্য-পরিবেশের হ্যারিম্যান পার্কের একটি নষ্ট হয়ে যাওয়া ইউথ ক্যাম্পের পুনর্বাসনের জন্য। এই প্রকল্পটি গভর্নর কুওমোর 2019 এর জাস্টিস এজেন্ডার অংশ, যা স্টেট পার্ক, উন্মুক্ত পরিবেশের বিনোদন ও সংরক্ষণের সাথে তরুণদের যোগাযোগ প্রসারিত করার ডাক দিয়েছে, সামাজিক আচরণ উন্নত করার জন্য এবং অল্প বয়স্ক মানুষদের মধ্যে দ্বন্ধ হ্রাস করার জন্য।

"'জুনিয়র' গুজম্যান-ফেলিজের নৃসংশ হত্যা এক অর্থহীন দুঃখজনক ঘটনা যা নিউ ইয়র্কের পরিবারকে তার অন্তস্থল অবধি কাঁপিয়ে দিয়েছিল, এবং আমাদের জন্য একটি অনুস্মারক যে হিংসাকে উদ্বুদ্ধ করে যে কারণগুলি এবং অবস্থাগুলি তার মোকাবিলা করার জন্য আমাদের আরো কিছু করা উচিত", **গভর্নর কুওমো বলেছেন।** "একবার সম্পূর্ণ হয়ে গেলে, ক্যাম্প জুনিয়র ব্রন্ক্সের বাচ্চাদের বাড়ি থেকে দুরে আরেকটি বাড়ি প্রদান করবে এবং প্রথমেই একটি গ্যাঙে যোগদান করার প্রলোভন প্রতিরোধ করার জন্য একটি কারণ দেবে।"

"গ্রীষ্মের কর্মসূচিগুলি আমাদের সমাজে গুরুত্বপূর্ণ এবং বাচ্চাদের একটি স্থান প্রদান করে শেখার এবং খেলার জন্য", **লেফটেন্যান্ট ভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "ক্যাম্প জুনিয়রের নির্মাণ হ্যারিম্যান পার্কের ইউথ ক্যাম্পটির পুনর্বাসন করবে এবং একটি বিনোদনের স্থান প্রদান করবে ব্রন্ক্সের অল্প বয়স্ক মানুষদের জন্য। লেসান্ড্রো গুজম্যান-ফেলিজকে উৎসর্গ করা পার্কটি তার স্মৃতির প্রতি সম্মান প্রদর্শন করবে এবং এক দৈনিক অনুস্মারকের কাজ করবে এই অঞ্চলের দলবদ্ধ হিংসার সাথে আমাদের লড়াইয়ের প্রচেষ্টায়।"

এই প্রচেষ্টার অংশ হিসেবে ক্যাম্পটি অবস্থিত হবে পার্কের টপ অফ দ্য পাইনস অবস্থানে লেক টিওরাটিতে, এর লক্ষ্য হলো 500টি শিশুকে 2019 সালের গ্রীষ্মে পরিষেবা প্রদান করা এবং তারপর থেকে প্রতি গ্রীষ্মে 1,000 শিশুকে পরিষেবা প্রদান করা। ফ্রেশ এয়ার ফান্ডের সাথ অংশিদারিত্বে, ক্যাম্পটি ব্রন্কেক্সর সেই লক্ষ্য স্থির করা এলাকাগুলির ছেলে এবং মেয়েদের উন্মুক্ত পরিবেশের দক্ষতার অভিজ্ঞতা প্রদান করবে যাদের বয়স 9-13। ফ্রেশ এয়ার ফান্ড ব্রঙ্কস বোরোর সভাপতি রুবেন ডায়াজ এবং বিধাসভার স্পিকার কার্ল হিস্টির সাথে একসাথে কাজ করবে পরিচালনার অর্থায়ন পাওয়ার জন্য।

ইলিনিয়ে বিশ্ববিদ্যালয়ের 2017 সালের একটি অধ্যয়নে দেখা গেছে যে তরুণরা যে সব বহু কারণে গ্যাং সংক্রান্ত ক্রিয়াকলাপে লিপ্ত হয় তার অনেকগুলিই অল্প বয়স্ক মানুষদের খেলাধুলা বা অন্যান্য ইতিবাচক বিনোদনমূলক ক্রিয়াকলাপে লিপ্ত হবার কারণের সমতুল্য। ঝুঁকিতে থাকা শিশুদের উন্মুক্ত পরিবেশের অভিজ্ঞতা করাবার প্রেরণা এসেছিল জুনিয়রের মা লিয়েন্ড্রা ফেলিজের থেকে, যিনি চান তরুণদের গ্যাঙের ক্রিয়াকলাপের বিকল্প ব্যবস্থাসমূহের প্রতি উন্মুক্ত করতে।

ভারপ্রাপ্ত স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "এই প্রকল্পটি গভর্নর কুওমোর দুটি প্রসংশনীয় লক্ষ্যকে একীভূত করে: আমাদের তরুণদের উদ্দেশ্যে বিনিয়োগ করা এবং আমাদের স্টেট পার্ক সিস্টেমকে পুনরুজ্জীবিত করা। ফ্রেশ এইআর ফান্ড এবং জুনিয়র ব্রঙ্কস সমাজের অংশীদারদের প্রতি আমি কৃতজ্ঞ। এক সাথে, আমরা হ্যারিম্যান স্টেট পার্কের বঞ্চিত সমাজের শিশুদের উন্মুক্ত পরিবেশে শিক্ষার এবং বেড়ে ওঠার দীর্ঘ ঐতিয্যের উপর ভিত্তি করে গঠন করব।"

ফাতিমা সামা, এক্জকিউটিভ ডিরেক্টর, দ্য ফ্রেশ এয়ার ফান্ড বলেন, "ক্যাম্প জুনিয়র ব্রন্কেক্সর বাচ্চাদের একটি সুযোগ প্রদান করে সংযুক্ত হবার এবং নতুন পরিবশের প্রতি উন্মুক্ত হবার, দিগন্ত প্রসারিত করার এবং তাদের আত্মবিশ্বাস এবং দক্ষতা বৃদ্ধি করার পথগুলির অভিজ্ঞতা করার। ব্রন্কেক্সর তরুণদের উদ্দেশ্যে সহযোগিতা এবং বিনিয়োগ তাদের জন্য সুযোগ এবং মধ্যস্থতা প্রদান করবে যা সাহায্য করবে অল্প বয়স্ক মানুষদের প্রভাবিত করে যে হিংসা তা হ্রাস করতে। জুনিয়রের দুঃখজনক মৃত্যুর কথা মনে রেখে, ঐতিয্যগত ক্যাম্পের অভিযানগুলি ছাড়াও, ক্যাম্প তার নজর কেন্দ্রীভূত রাখবে হিংসা-বিরোধ, সামাজিক এবং মানসিক শিক্ষা, এবং গ্যাং-বিরোধী প্রচেষ্টার প্রতি। গ্রীষ্মের মাসগুলিতে ব্রন্কেক্সর বাচ্চাদের বিকল্প বিনোদন এবং সামাজিক ক্রিয়াকলাপের সুযোগ তাদের যত্নশীল প্রাপ্তবয়স্ক, আনন্দ এবং অন্যান্য উন্মুক্ত পরিবেশের নিয়োজনের সংস্পর্শে নিয়ে আসবে, যা আমরা মনে করি গ্যাঙে যোগদান করার এক বিকল্প প্রদান করবে।"

ব্রঙ্কস বরো (Bronx Borough) প্রেসিডেন্ট রুবেন ডিয়াজ, জুনিয়র বলেন, "আমরা আমাদের বাচ্চাদের যা করতে চাই তা সবই ছিল জুনিয়রের মধ্যে। সে একজন ভালো ছাত্র ছিল এবং NYPD এক্সপ্লোরার্সের সদস্য ছিল। সে তার বাবা-মা ও প্রতিবেশীদের প্রতি দয়াশীল ছিল। তার মোমবাতিটি বড় তাড়াতাড়ি নিষ্প্রভ করে দেওয়া হয়েছে, কিন্তু সে বহু প্রজন্ম ধরে একটি উজ্জ্বল আলো হয়ে থাকতে পারে। এই গ্রীষ্ম থেকে শুরু করে, আমরা শয়ে শয়ে ব্রন্কেক্সর বাচ্চাদের সুযোগ দেবো 'ক্যাম্প জুনিয়রের' মাধ্যমে উদাহরণের সাথে শেখার। গভর্নর অ্যান্ড্রু কুওমো, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ পার্কস (New York State Department of Parks), দ্য ফ্রেশ এয়ার ফান্ড এবং জুনিয়রের বাবা-মাকে যথেষ্ট ধন্যবাদ দিতে পারি না তাদের এই অসাধারণ প্রচেষ্টার প্রতি সমর্থনের জন্য এবং ব্রন্কেক্সর মানুষদের জন্য, বিশেষ করে তাদের শিশুদের উদ্দেশ্যে, প্রকৃত ফলাফল প্রদানের প্রতি অঙ্গীকারবদ্ধতার জন্য।"

নিউ ইয়র্ক বিধানসভার স্পিকার কার্ল ই. হিস্টি বলেন, "হ্যারিম্যান গ্রুপ ক্যাম্পস (Harriman Group Camps) এর পুনরুজ্জীবন নিউ ইয়র্ক স্টেটের বাচ্চাদের ভবিষ্যতের উদ্দেশ্যে এক অত্যন্ত প্রয়োজনীয় এবং দীর্ঘকাল বিলম্বিত বিনিয়োগকে চিহ্নিত করে। বাচ্চাদের আমাদের শহরের সমাজে ক্যাম্প জুনিয়রের মত ইতিবাচক নির্গমনদ্বার প্রদান করা গ্যাং সংক্রান্ত ক্রিয়াকলাপ এবং সমাজে হিংসাকে নিরুত্সাহিত করবে। একটি সমাজ হিসেবে আমরা লেসান্ড্রো 'জুনিয়র' গুজম্যানকে হারানোর জন্য দুঃখ প্রকাশ করি, সে ছিল একটি অল্পবয়স্ক মানুষ যাকে বড় তাড়াতাড়ি এই পৃথিবী থেকে চলে যেতে হয়, কিন্তু তার সম্মানে আমরা একসাথে কাজ করব শিক্ষা, সচেতনতা, প্রচার করতে এবং বাচ্চাদের একটি স্থান প্রদান করব তাদের বেড়ে ওঠার জন্য।"

সিনেটর হোজে এম. সেরানো বলেন, "ব্রন্কসের তরুণদের উন্মুক্ত পরিবেশে খেলাধুলা করার এবং সংরক্ষণের সুযোগের পাবার অধিকার আছে। পার্কগুলির এবং বিনোদনের তত্ত্বাবধানকারী সিনেট কমিটির চেয়ার হিসেবে, আমি এই বিষয়ে সচেতন যে উন্মুক্ত পরিবেশে বিনোদনের মাধ্যমে এক স্বাস্থ্যকর জীবনযাত্রার ধরন প্রতিষ্ঠা করা বাচ্চাদের বড় হয়ে উঠতে সাহায্য করবে, ইতিবাচক সামাজিক দক্ষতা এবং আত্ম-মর্যাদাকে উত্সাহিত করার সাথে। আমরা জুনিয়রের দুঃখজনক মৃত্যুর জন্য শোক প্রকাশ করার সাথে সাথে তার স্মৃতিকে সম্মান জানাবো হাজার হাজার ঝুঁকি কবলিত বাচ্চাদের আশা প্রদান করে যাদের জীবন চিরকালের জন্য পরিবর্তন হয়ে ভালো হয়ে উঠবে। আমি গভর্নর কুওমো, ফ্রেশ এয়ার ফান্ড এবং লিয়েন্ড্রা ফেলিজের প্রশংসা করি ক্যাম্প জুনিয়রের মাধ্যমে ব্রন্কসের তরুণদের জীবন উন্নত করার প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতার জন্য।"

মিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য রিচি টরেস বলেন, "জুনিয়র গুজম্যান-ফেলিজের দুঃখজনক হত্যা হাজার হাজার জীবনকে প্রভাবিত করেছে এবং পরিষ্কার করে দিয়েছে যে গ্যাঙের হিংসা কোনো শূন্যস্থানে হয় না। এটি তরুণদের জীবনে সংস্থান এবং ইতিবাচক প্রভাবের অভাবের ফলে হয়। ক্যাম্প জুনিয়র এমন একটি জায়গা হবে যেখানে অল্প বয়স্ক মানুষরা সব ছেড়ে যেতে পারবেন এমন ক্রিয়াকলাপ এবগ্ন সংস্থানের মধ্যে পরিবেষ্টিত হয়ে যা তাদের জীবনে ইতিবাচক প্রভাব ফেলবে, এবং তাদের গ্যাঙে যোগদান করা থেকে বিরত রাখবে। আমি ক্যাম্প জুনিয়রকে এবং জুনিয়রের জীবনকে সম্মান প্রদান করার প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে গর্বিত।"

গভর্নর কুওমোর 2019 সালের জাস্টিস এজেন্ডা উন্মুক্ত পরিবেশে বিনোদনের এবং প্রকৃতির সংরক্ষণের প্রসারিত সুযোগের জন্য ডাক দেয়। গভর্নরের নেতৃত্বে, নিউ ইয়র্ক বিনোদনের কেন্দ্রগুলিকে পুন:সংস্কার করবে এবং স্টেট পার্কসের কর্মসূচিকে প্রসারিত করবে স্বাস্থ্যকর এবং নিরাপদ ক্রিয়াকলাপ উন্নত করার জন্য অল্পবয়স্ক মানুষদের উদ্দেশ্যে। ঝুঁকি-কবলিত তরুণদের আরো ভালোভাবে পরিষেবা প্রদানের জন্য, স্টেট পার্কস সিস্টেম 15 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশির সুবিধা নেবে গ্রুপ ব্যবস্থাগুলির পুন:সংস্কার করার জন্য যারা খেলাধুলা ও শিক্ষামূলক কর্মসূচিগুলির ব্যবস্থা করে এবং সমাজভিত্তিক সংস্থাগুলি ও স্থানীয় সরকারী সংস্থাগুলির সাথে অর্থবহুল অংশিদারিত্ব তৈরি করে, জুনিয়র ক্যাম্প সহ।

এই প্রচেষ্টাটি গভর্নর কুওমোর রাষ্ট্রের প্রথম এবং সব চেয়ে পুরোনো উন্মুক্ত পরিবেশের গ্রীষ্মের গ্রুপ ক্যাম্পকে পুনরুজ্জীবিত করার প্রচেষ্টার উপর ভিত্তি করে গঠন করছে হ্যারিম্যান পার্কে। 1913 সালে গঠিত, এই 37টি উন্মুক্ত গ্রুপের ক্যাম্পের সুবিধাগুলি নির্মাণ হয়েছিল শহরের সমাজের বাচ্চাদের পরিষেবা প্রদান করার জন্য, কিন্তু সেগুলি বহু দশকের অবহেলা এবং কাজের অভাবে ভগ্নদশা প্রাপ্ত হয়েছিল। গভর্নর কুওমোর নিউ ইয়র্ক পার্কস 2020 (NY Parks 2020) প্রচেষ্টার মাধ্যমে যে অর্থায়ন উপলব্ধ করা হয়েছে, তার সাহায্যে দীর্ঘ বিলম্বিত পরিকাঠামো এবং বিনোদনমূলক উন্নতিগুলি সম্পূর্ণ করা হচ্ছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন